দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 MAR 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয় ও সেশনজট দূরীকরণ নামের প্রহসন

ঢাকা বিশ্ববিদ্যালয় আজ সেশনজট নামের এক কালোব্যাধিতে আক্রান্ত। আর সেই ব্যাধি দূরীকরণের নামে চলছে একাডেমিক ক্যালেন্ডার নামে এক প্রহসন। '৯১ সালের পরীক্ষা দিয়েছি '৯৪ সালে ৩১ মে'তে। এই দীর্ঘ সেশনজটের জন্য হয়ত কর্তৃপক্ষ আমাদেরই দায়ী করবেন। বড়জোর রাজনৈতিক অস্থিরতা। একবারও এই সেশনজটের দায়দায়িত্বের ভাগ কেউ স্বীকার করবেন না। কিন্তু এটা কি করে তাঁরা অস্বীকার করবেন যে, ছাত্রদের পরীক্ষা নেয়ার পর যে কাজটুকু শিক্ষকদের ওপর বর্তায়, যেমন— খাতা দেখা ও সময়মতো রেজাল্ট প্রকাশ করা আর এর বিলম্বের জন্য যে সেশনজটের সৃষ্টি হয় বা হচ্ছে তার জন্য কিন্তু দায়ী তাঁরাই। এখানে ছাত্র কিংবা রাজনৈতিক অস্থিরতার কোন ভূমিকা নেই।

সম্মানিত শিক্ষকবৃন্দের কাছে সবিনয় অনুরোধ মৃত্যুর চেয়েও কঠিন অপেক্ষা নামের এই যন্ত্রণা থেকে আমাদের মুক্তি দান করুন।

একেএম আমিনুল ইসলাম (পিন্টু)
এমএ শেষবর্ষ (পুরাতন)
বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।